

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৫১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. দ্বিতীয় অনুচ্ছেদ - 'আমলে ভারসাম্য বজায় রাখা

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: عَجِبَ رَبُّنَا مِنْ رَجُلُ ثَارَ عَنْ وِطَائِهِ وَلِحَافِهِ مِنْ بَيْنِ حِبِّهِ وَأَهْلِهِ إِلَى صَلَاتِهِ فَيَقُولُ اللَّهُ لِمَلَائِكَتِهِ: وَجُلَيْنِ رَجُلُ ثَارَ عَنْ وِطَائِهِ وَلِحَافِهِ مِنْ بَيْنِ حِبِّهِ وَأَهْلِهِ إِلَى صَلَاتِهِ وَغْبَةً فِيمَا انْظُرُوا إِلَى عَبْدِي ثَارَ عَنْ فِرَاشِهِ وَوطَائِهِ مِنْ بَيْنِ حِبِّهِ وَأَهْلِهِ إِلَى صَلَاتِهِ رَغْبَةً فِيمَا عِنْدِي وَشَفَقًا مِمَّا عِنْدِي وَرَجُلُ غَزَا فِي سَبِيلِ اللَّهِ فَانْهَزَمَ مَعَ أَصْحَابِهِ فَعَلِمَ مَا عَلَيْهِ فِي عَنْدِي وَشَفَقًا مِمَّا عِنْدِي وَرَجُلُ غَزَا فِي سَبِيلِ اللَّهِ فَانْهَزَمَ مَعَ أَصْحَابِهِ فَعَلِمَ مَا عَلَيْهِ فِي الْانْهِزَامِ وَمَا لَهُ فِي الرُّجُوعِ فَرَجَعَ حَتَّى هُرِيقَ دَمُهُ فَيَقُولُ اللَّهُ لِمَلَائِكَتِهِ: انْظُرُوا إِلَى عَبْدِي رَجَعَ رَغْبَةً فِيمَا عِنْدِي وَشَفَقًا مِمَّا عِنْدِي حَتَّى هُرِيقَ دَمُهُ أَلَاللَّهُ لِمَلَائِكَتِهِ: انْظُرُوا إِلَى عَبْدِي رَجَعَ رَغْبَةً فِيمَا عِنْدِي وَشَفَقًا مِمَّا عِنْدِي حَتَّى هُرِيقَ دَمُهُ أَكُونُ اللَّهُ لِمَلَائِكَتِهِ: انْظُرُوا إِلَى

বাংলা

১২৫১-[১১] 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ দু' লোকের ওপর আল্লাহ তা'আলা খুব সম্ভুষ্ট হন। এক লোক, যে নিজের নরম তুলতুলে বিছানা ও প্রিয় স্ত্রী হতে আলাদা হয়ে তাহাজ্জুদ সালাতের জন্যে উঠে যায়। আল্লাহ এ সময় তার মালায়িকাহ্ (ফেরেশতাদের)-কে বলেন, আমার বান্দার দিকে তাকাও। সে আমার নিকট থাকা জিনিস পাওয়ার আগ্রহে (সাওয়াব, জানাত) এবং আমার নিকট থাকা জিনিসকে ভয় করে (জাহান্নাম ও 'আযাব) নিজের নরম তুলতুলে বিছানা ও স্ত্রীর মধুর নৈকট্য ত্যাগ করে সালাত (তাহাজ্জুদ) আদায়ের জন্যে উঠে পড়েছে। আর দ্বিতীয় হলো ঐ লোক, যে আল্লাহর রাস্তায় যুদ্ধ করেছে। (কোন ওযর ছাড়া) যুদ্ধের ময়দান হতে সঙ্গী-সাথী নিয়ে ভেগে এসেছে। কিন্তু এভাবে ভেগে আসায় আল্লাহর শাস্তি ও ফেরত আসায় গুনাহর কথা মনে পড়ায় আবার যুদ্ধের মাঠে ফিরে আসছে। আল্লাহর শক্রদের সাথে যুদ্ধ করতে করতে শাহাদাত বরণ করেছে। আল্লাহ তার মালায়িকাহ্-কে বলেন, আমার বান্দার দিকে লক্ষ্য করে দেখো, যারা আমার কাছে থাকা জিনিস (জান্নাত) পাওয়ার জন্যে ও আমার কাছে থাকা জিনিস (জান্নাম) থেকে বাঁচার জন্যে যুদ্ধের মাঠে ফিরে এসেছে, জীবনও দিয়ে দিয়েছে। (শারহুস্ সুন্নাহ্)[1]

ফুটনোট



[1] হাসান লিগায়রিহী : ইবনু হিব্বান ২৫৫৮, সহীহ আত্ তারগীব ৬৩০, সুনান আল কুবরা লিল বায়হাক্রী ১৮৫২৪, সহীহাহ্ ৩৪৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আশ্চর্য হওয়াটা মানুষের ক্ষেত্রে ব্যবহার চলে, আল্লাহর ক্ষেত্রে তা কেমন করে হয়? আল্লামা ত্বীবী বলেন, এখানে এর অর্থ হলো আল্লাহ এটাকে বড় করে দেখেন। কেউ বলেছেন এর অর্থ হলো তিনি এতে সন্তষ্ট হন এবং সাওয়াব দেন। এ ব্যক্তির জন্য আল্লাহ গর্ব করেন এবং মালায়িকার (ফেরেশতাদের) গর্বভরে বলেন, তোমরা আমার বান্দার দিকে লক্ষ্য কর। 'লক্ষ্য কর' এর অর্থ হলোঃ রহমাত এর দৃষ্টিদান, তার জন্য ইসতিগফার ও শাফা'আত করা। 'আল্লাহর কাছে যা আছে তা পাওয়ার আশায়' সেটি হলো তার জান্নাত ও সাওয়াব অথবা আল্লাহর সন্তুষ্টি ও তার সাক্ষাৎ বা দীদার। 'আর তার আরেকটি বস্তু থেকে ভয় করে'; সেটি হলোঃ জাহান্নাম এবং তার বিভিন্ন শাস্তি অথবা তার অসন্তুষ্টি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন